"শেখ হাসিনার উদ্যোগ. ঘরে ঘরে বিদ্যুৎ"

# ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED

ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018 Certified
Unique Heights (Level-15 & 16), 117, Kazi Nazrul Islam Avenue, Eskaton Garden, Dhaka-1217.
Tel:- 55138633-36 (PABX), Fax:- 880-2-55138637, E-mail: info@egcb.com.bd, Web: egcb.gov.bd
ISO 9001, 14001, 45001

নং-২৭.২৭.২৬৬৬.১০১.০৫.০২১.২২.৫৪৮

তারিখঃ ২২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
০৬ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (ইজিসিবি)-এ নিম্নবর্ণিত পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম, পদের সংখ্যা ও বেতন | প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|
| ১. | **ক্রেন অপারেটর (গ্রেড-৪), ০২টি পদ**<br>মূল বেতন: টাকা ১৫,৫০০.০০<br>বাড়ী ভাড়া ভাতাসহ অন্যান্য সুবিধাদি বিধি অনুযায়ী প্রদেয়।<br>বয়সঃ ১৮-৪৮ বছর | **শিক্ষাগত যোগ্যতা:**<br>যে কোন শিক্ষা বোর্ড/ইন্সটিটিউট হতে এসএসসি/সমমান পাস।<br>**অভিজ্ঞতাঃ**<br>ক্রেন/হেভি ভেহিকেল চালনায় কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতাসহ বৈধ ড্রাইভিং /অপারেটিং লাইনসন্সধারী। | মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, টাঙ্গাইল, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, ব্রাহ্মনবাড়ীয়া, কুমিল্লা, খাগড়াছড়ি, ফেনী, নোয়াখালী, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, লালমনিরহাট, খুলনা, মাগুড়া, নড়াইল, বাগেরহাট, কুষ্টিয়া, বরিশাল, ঝালকাঠি, বরগুনা ও পটুয়াখালী। |

**সাধারণ শর্তাবলীঃ**

১। আগ্রহী প্রার্থীকে নিজ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, জন্ম তারিখ, ১৯ মার্চ,২০২৪ তারিখে বয়স, জাতীয় পরিচয়পত্র নম্বর, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা,ধর্ম, জাতীয়তা, বৈবাহিক অবস্থা, অভিজ্ঞতা ( প্রতিষ্ঠানের নাম ও কর্মকালসহ), বিশেষ কোটায় আবেদন করলে তা উল্লেখ পূর্বক মহাব্যবস্থাপক (এইচআরএম), কর্পোরেট অফিস, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিঃ, ইউনিক হাইটস (লেভেল-১৫ ও ১৬), ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১২১৭ বরাবর আবেদন করতে হবে।

২। আবেদনপত্র গ্রহনের শেষ তারিখ ২৮/০৩/২০২৪ খ্রিঃ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে আবেদন পত্র ইজিসিবি'র কর্পোরেট দপ্তরে পৌছাতে হবে।

৩। আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, মার্কশিট/ট্রান্সক্রিপ্ট, বৈধ ড্রাইভিং/অপারেটিং লাইসেন্স, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ও অন্যান্য কার্যক্রম সংক্রান্ত সনদ পত্র, জাতীয় পরিচয় পত্র (যদি থাকে), স্থায়ী ঠিকানার স্বপক্ষে স্ব স্ব এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র এর সত্যায়িত অনুলিপি, ৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন সত্যায়িত ছবি, ১০/- টাকা মূল্যের ডাক টিকিটযুক্ত বর্তমান ঠিকানাসহ ফেরত খাম, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিঃ এর অনুকূলে ২০০/- (দুইশত) টাকার (অফেরৎযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ আগামী ২৮/০৩/২০২৪ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে মহাব্যবস্থাপক (এইচআর), কর্পোরেট অফিস, ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ (ইজিসিবি) লিঃ, ইউনিক হাইটস (লেভেল-১৫ ও ১৬), ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১২১৭ এর নিকট পৌছাতে হবে। ।

৪। সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান অথবা সরকারি মালিকানাধীন কোম্পানীতে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিজ প্রতিষ্ঠান থেকে অব্যাহতি প্রদান করা হবে মর্মে ছাড়পত্রের মূল কপি আনতে হবে।

৫। অসম্পূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না। কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত, মৌখিক এবং ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য ডাকা হবে।

৬। প্রাথমিকভাবে ৩ বছরের চুক্তিতে নিয়োগ করা হবে। সন্তোষজনক কর্মসম্পাদনের ভিত্তিতে চাকরির চুক্তি পর্যায়ক্রমে ৬০ বছর বয়স পর্যন্ত নবায়নযোগ্য।

৭। ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের জারীকৃত ১৮.১০.২০২০ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.২৫.০১৯.২০.৮৭৫ নং পরিপত্রে বর্ণিত প্রমাণকসমূহের মধ্যে যেকোন একটিতে আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তার নাম থাকতে হবে। উক্ত নামের সাথে আবেদনপত্রে উল্লিখিত বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম এবং ঠিকানা এক ও অভিন্ন হতে হবে।

খ) আবেদনকারী প্রার্থী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান তা যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার স্থায়ী ঠিকানার সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক

মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়ন থাকতে হবে। সরকারী নির্দেশনা মোতাবেক মুক্তিযোদ্ধার সনদ যাচাই সাপেক্ষে উহা প্রযোজ্য হবে।

৮। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা কম বা বেশী হতে পারে। কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী প্রার্থীদের Short List প্রনয়ণ করে পরীক্ষায় অংশ গ্রহণে প্রার্থীতা নির্ধারণ করতে পারবে।

৯। ইজিসিবি-এ কর্মরতদের ক্ষেত্রে বয়সসীমা ১০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। ইজিসিবিতে কর্মরতদের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে আবেদন করতে হবে।

১০। নিয়োগকৃতদের ইজিসিবি লিঃ এর অধীনস্থ যে কোন এলাকায় বিদ্যুৎ কেন্দ্র/স্থাপনা/প্রকল্পে কাজ করতে হবে। এছাড়াও ইজিসিবি'র কোন দপ্তরে সংযুক্ত করলে সেখানে কাজ করতে হবে।

১১। উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদেরকে আবেদনপত্রে বিস্তারিত তথ্য উল্লেখ করতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা সত্ত্বেও আবেদন ফরমে তা উল্লেখ না করা থাকলে নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে উহা উদ্ঘাটিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ তার তাৎক্ষণিক প্রার্থীতা বাতিল/চাকরিচ্যুতি করার ক্ষমতা সংরক্ষণ করে।

১২। নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য সকল বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোনরূপ সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৩। আবেদনে উল্লিখিত স্থায়ী ঠিকানার স্বপক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) সহ সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত নাগরিকত্বের সনদপত্র জমা দিতে হবে। বিবাহিত মহিলা প্রার্থীগণ স্থায়ী ঠিকানা হিসেবে যদি স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করেন সেক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানার সনদপত্র এবং সে অনুযায়ী নিজ নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে।

১৪। ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে। জেলা প্রশাসক ব্যতিত অন্য কোন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদ গ্রহণ করা হবে না।

১৫। অভিজ্ঞতার সনদ অবশ্যই কোন প্রতিষ্ঠান থেকে থাকতে হবে। অভিজ্ঞতার সনদে সময়কাল সুনির্দিষ্ট তারিখ উল্লেখসহ সনদ প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে হতে হবে এবং উহাতে প্রতিষ্ঠানের রেজিস্ট্রেশন নং/ট্রেড লাইসেন্স নং (তারিখসহ) ও ফোন নং, ঠিকানা থাকতে হবে। এছাড়া সনদ প্রদানকারী কর্মকর্তার স্বাক্ষরের সাথে নাম, তারিখ ও দাপ্তরিক সীল থাকতে হবে।

১৬। ডিফেন্স সার্ভিসে ভেহিকেল রিকভারি কাজে অভিজ্ঞতা সম্পন্ন ও উপরোক্ত শিক্ষাগত যোগ্যতার প্রার্থীগণ এ পদে আবেদন করতে পারবেন। এ ক্ষেত্রে ডিফেন্স সার্ভিসের সংশ্লিষ্ট ইউনিট থেকে অভিজ্ঞতার সনদ থাকতে হবে।

১৭। কোন ক্ষেত্রে তথ্য ও কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীতে কোন প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে বা দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোন জাল সনদ দাখিল, অসদুপায় অবলম্বন, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (Substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ প্রক্রিয়ার যেকোন পর্যায়ে বা তৎপরবর্তীতে উক্ত প্রার্থীর প্রার্থিতা প্রার্থীকে কোনরূপ অবহিত করণ ব্যতিরেকে বাতিল করা হবে। কোন প্রকারের তদবির প্রার্থীর অযোগ্যতা প্রমান করবে।

১৮। প্রার্থীকে খামের উপর আবেদনকৃত পদের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১৯। নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীদের ইজিসিবিতে নিয়োগের ক্ষেত্রে ইজিসিবিতে কমপক্ষে ৩(তিন) বছর চাকরি করার শর্ত আরোপ করা হতে পারে এবং সে ক্ষেত্রে ৩০০ টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে অঙ্গীকার নেয়াসহ সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতার মূল সার্টিফিকেট ৩(তিন) বছরের জন্য জমা নেয়া হতে পারে। ইজিসিবি কর্তৃপক্ষ নিয়োগপত্রে যে কোন শর্ত আরোপ করতে পারেন।

২০। কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজিসিবি লিঃ কর্তৃপক্ষ উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি বাতিলসহ যে কোন দরখাস্ত/সকল দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭/৩/২০২৪

(মোঃ আবু হেনা ফয়জুল হক)
মহাব্যবস্থাপক (এইচআরএম)
কর্পোরেট অফিস, ইজিসিবি
ইউনিক হাইটস (লেভেল-১৫), ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ,
ইস্কাটন গার্ডেন, ঢাকা-১২১৭।